

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪২৬৩

৩০/ ফিতনা ও বিপর্যয় (كتاب الفتن والملاحم)

পরিচ্ছেদঃ ২. ফিতনার সময় দন্দ-কলহের চেষ্টা করা নিষিদ্ধ

بَابٌ فِي النَّهْيِ عَنِ السَّعْيِ فِي الْفِتْنَةِ

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَسَنِ الْمِصِيصِيُّ، حَدَّثَنَا حَجَّاجٌ يَعْنِي ابْنَ مُحَمَّد، حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْد، قَالَ: حَدَّثَنِي مُعَاوِيَةُ بْنُ صَالِح، أَنَّ عَبْدَ الرَّحْمَنِ بْنَ جُبَيْرٍ، حَدَّثَهُ عَنْ أَبِيهِ، عَنِ الْمَقْدَادِ بْنِ الْأَسْوَد، قَالَ: ايْمُ اللَّهِ، لَقَدْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: إِنَّ السَّعِيدَ لَمَنْ جُنِّبَ الْفِتَنِ، إِنَّ السَّعِيدَ لَمَنْ جُنِّبَ الْفِتَن، إِنَّ السَّعِيدَ لَمَنْ جُنِّبَ الْفِتَنِ، إِنَّ السَّعِيدَ لَمَنْ جُنِّبَ الْفِتَنُ، وَلَا اللَّهِ صَلَيْ السَّعِيدَ لَمَنْ جُنِّبَ الْفِتَنُ، وَلَا اللَّهِ صَلَيْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اللهُ وَلَيْبَ الْفِتَنُ، وَلَا اللهُ عَلَيْهِ وَلَا اللهَ عَلَيْهِ وَلَا اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اللهُ عَلَيْهِ وَسَلَّامَ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الْفِتَنَ السَّعِيدَ لَمَنْ جُنِّبَ الْفِتَنَ ، إِنَّ السَّعِيدَ لَمَنْ جُنِّالَ اللهُ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اللهُ اللهُ اللهُ عَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اللهُ اللهُ

صحيح

বাংলা

8২৬৩। আল-মিকদাম ইবনুল আসওয়াদ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর কসম! আমি নিশ্চয়ই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে ব্যক্তি ফিতনা থেকে দূরে থাকবে, সেই সৌভাগ্যবান; যে লোক ফিতনা থেকে দূরে থাকবে সেই সৌভাগ্যবান; যে ফিতনা থেকে দূরে থাকবে সেই সৌভাগ্যবান। আর যে ব্যক্তি ফিতনায় পড়ে ধৈর্য ধারণ করবে, তার জন্য কতই না মঙ্গল![1]

সহীহ।

English

Narrated Al-Miqdad ibn al-Aswad:

I swear by Allah, I heard the Messenger of Allah (ﷺ) say: The happy man is he who avoids dissensions: happy is the man who avoids dissensions; happy



is the man who avoids dissensions: but how fine is the man who is afflicted and shows endurance.

ফুটনোট

[1]. আবু দাউদ এটি এককভাবে বর্ণনা করেছেন।

হাদিসের শিক্ষা

- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। তাকওয়া বা আল্লাহকে ভক্তিসহকারে ভয় করে তাঁর সঠিক ভক্ত হওয়ার দ্বারা ফেতনা হতে নিরাপত্তা, শান্তি ও সহজলভ্য জীবিকা এবং সর্ব প্রকার মঙ্গল ও দেশে অধিকতর কল্যাণ অর্জিত হয়।
- ২। ইসলাম হলো: রহমত, শান্তি এবং নিরাপত্তার ধর্ম; তাই মহান আল্লাহ মুসলিম জাতিকে অমঙ্গলে বা বিপদে পতিত হওয়া থেকে সতর্ক করেছেন। এই সম্পর্কে তিনি বলেছেন:

وَ اتَّقُواا فِتانَةً لَّا تُصِيالَبَنَّ الَّذِيانَ ظَلَمُواا مِناكُما خَاصَّةً ا وَ اعالَمُوااا أَنَّ الله شَدِيادُ الاَعِقَابِ

ভাবার্থের অনুবাদ: "তোমরা সতর্ক হয়ে যাও সেই শাস্তি হতে, যা বিশেষভাবে তোমাদের জালিম লোকদেরকেই শুধু আক্রমন করবে না । আর জেনে রাখো যে, আল্লাহ শাস্তিদানে খুবই কঠোর"।

(সূরা আল আনফাল, আয়াত নং ২৫) ।

- ৩। ফিতনা বা অমঙ্গল আপতিত হওয়ার সময় ধৈর্যধারণ করা, সৎ কাজের আগ্রহী হওয়া এবং আল্লাহর ইবাদতরত থাকা প্রত্যেক মুসলিম ব্যক্তির অপরিহার্য কাজ।
- ৪। ফাওয়াহা এর অনেক অর্থ রয়েছে, তার মধ্যে হলো এই যে, দুনিয়ার অমঙ্গলে পড়ে নিপীড়িত হওয়া এবং তাতে অংশগ্রহণ করার জন্য অনেক আপসোস ও দুঃখ প্রকাশ করা। আবার এটাও বলা হয়েছে যে, দুনিয়ার অমঙ্গলে পড়ে নিপীড়িত হয়ে ধৈর্যধারণ করতে পারলে এই ধৈর্যধারণই হবে সর্বোত্তম ও অতি মঙ্গলময় কর্ম। আর এই অর্থটিই বেশি উপযোগী।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মিকদাম (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন